

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৭.১৮-১১১

তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭
১৬ আগস্ট ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল বারী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ এর (খ) মোতাবেক অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগে অত্র বিভাগের গত ০২/০১/২০১৯ খ্রিঃ তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৭.১৮-০১ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং একই সংগে তিনি ব্যক্তিগত শুনানী চান কি-না তাও জানতে চাওয়া হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ১২/০২/২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;


যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য উপপরিচালক, পরিবার পরিকল্পনা, যশোরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণ করা সম্ভব হলো না মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযোগের বিষয়ে সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৭) অনুযায়ী পুনঃতদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয় এবং অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ পুনঃতদন্তপূর্বক তদন্তকারী কর্মকর্তা অভিযোগকারী কর্তৃক আনীত অভিযোগ সত্য নয় মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত ও পুনঃতদন্তে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ আব্দুল বারী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর এর বিরুদ্ধে “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (খ) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



১৬/৮/২০
(মোঃ আলী নূর)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৭.১৮-১২১

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৭
৩৬ আগস্ট ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। সিভিল সার্জন, যশোর।
- ৪। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, যশোর।
- ৯। মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), কেশবপুর, যশোর।
- ১০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর।
- ১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর।
- ১২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কেশবপুর, যশোর।
- ১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। ডাঃ মোঃ আব্দুল বারী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর।


১৬/০৮/২০২০
(উম্মে কুলসুম)

উপসচিব

ফোন-৯৫৪৬৩৭৬

Email: dsc1@mefwd.gov.bd